

৭

তারিখ 13 AUG 1989

পৃষ্ঠা...

৮

৯

রাজশাহীতে শিবির-ছাত্রদল সংঘর্ষ ॥ দু'টি কলেজ বন্ধ

রাজশাহী, ১৭ই আগস্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।--আজ বেলা সাড়ে ১১টার দিকে রাজশাহী বিশ্ববিদ্যালয় কলেজ ও রাজশাহী সরকারী সিটি কলেজে জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবিরের মধ্যে সংঘর্ষে ২০জন আহত হয়েছে। আহতদের ৪

জনকে ওরুতর অবস্থায় রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরিস্থিতির অবনতি ঘটায় রাজশাহী বিশ্ববিদ্যালয় কলেজ আগামী রোববার পর্যন্ত ও রাজশাহী সরকারী সিটি কলেজ অনিদিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে।

বেলা সাড়ে ১১টার দিকে রাজশাহী বিশ্ববিদ্যালয় কলেজে জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবিরের সমর্থকরা মিছিল করার সময় উভয় দলের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এ সময় ব্যাপক বোমাবাজি হয়েছে। এ ছাড়া হকি স্টিক, কিরিচ, চাকু ও চাপাতি সংঘর্ষের সময় ব্যবহার করা হয়। সংঘর্ষের এক পর্যায়ে সংগ্রাম পরিষদের একটি অংশ শিবিরকর্মীদের ধাওয়া করে। রাজশাহী বিশ্ববিদ্যালয় কলেজ থেকে ৩শ' গজ দূরে সরকারী সিটি কলেজেও এ সংঘর্ষ ছড়িয়ে পড়ে। সিটি কলেজের অধ্যক্ষ জানান, ছাত্র শিবিরকর্মী দ্বাদশ বর্ষের ছাত্র মোয়াজ্জেম হোসেন ক্লাস করার সময় জাতীয়তাবাদী ছাত্রদল সমর্থকরা তাকে বের করে এনে ব্যাপক মারপিট করে। এর আগে তারা কলেজের টেলিফোন লাইনটিও বিচ্ছিন্ন করে দেয় বলেও অধ্যক্ষ জানান। হাসপাতালে চিৎসিৎসারী ৪জন (শেষ পৃ: ৫-এর ক: দেখুন)

রাজশাহীতে দু'টি কলেজ বন্ধ
(১ম পাতার পর)
হচ্ছে, মাহবুব হোসেন (২০),
মোয়াজ্জেম (২০), মাহবুব আহ-
সান (২১) ও নাজমুল হুদা (৪০)।
এদের মধ্যে মাহবুব আহসান
জাতীয়তাবাদী দলের এবং বাকীরা
শিবির ও জামাতকর্মী। এ ব্যাপারে
ধানায় কোন মানলা দায়ের বা
কাউকে এখনো গ্রেফতার করা
হয়নি।